

# টাইমস র‍্যাঙ্কিংয়ে দেশসেরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:৩৮, ৯ অক্টোবর ২০২৫; আপডেট: ১৮:৩৮, ৯ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (THE) সম্প্রতি এলসিভিয়ার জার্নালের সঙ্গে যৌথ প্রযোজনায় ‘ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৬’ প্রকাশ করেছে। এই বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) বাংলাদেশের শীর্ষ পাঁচটি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান করে নিয়েছে।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) প্রকাশিত তালিকা অনুযায়ী, বিশ্ব র‍্যাঙ্কিংয়ের ৮০১ থেকে ১০০০-এর মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের এই পাঁচটি প্রতিষ্ঠান। এই অবস্থানে থাকা বিশ্ববিদ্যালয়গুলো হলো:

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি)
- ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)

- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
- গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়
- নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

টাইমস হায়ার এডুকেশন এই র‍্যাঙ্কিং প্রকাশ করার জন্য পাঁচটি প্রধান সূচক ব্যবহার করে। এই সূচকগুলোর ওপর প্রাপ্ত পয়েন্টের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের অবস্থান নির্ধারিত হয়। সূচকগুলো হলো:

১. টিচিং (Teaching)
২. রিসার্চ এনভায়রনমেন্ট (Research Environment)
৩. রিসার্চ কোয়ালিটি (Research Quality)
৪. ইন্ডাস্ট্রি (Industry)
৫. ইন্টারন্যাশনাল আউটলুক (International Outlook)

এবারের র‍্যাঙ্কিংয়ে বিশ্বের বিভিন্ন দেশের ৩ হাজার ১১৮টি বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে। বৈশ্বিক শীর্ষস্থান ধরে রেখেছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় স্থানে আছে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (এমআইটি) এবং প্রিন্সটন ইউনিভার্সিটি ও ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় যৌথভাবে তৃতীয় স্থান অর্জন করেছে।

এই তালিকায় বাংলাদেশের মোট ২৮টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর আগে, ২০২৫ সালের এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংয়ে জাবি এশিয়ার

৩৫১-৪০০ স্থানের মধ্যে জায়গা করে নিয়ে দেশের শীর্ষ পাঁচের  
অন্তর্ভুক্ত হয়েছিল।